আলমডাঙ্গায় মাদক বিরোধী অভিযানে ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেফতার ৩

আলমডাঙ্গা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ৩০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে।

গত রবিবার রাত সাড়ে নয়টার সময় আলমডাঙ্গা উপজেলার পাঁচলিয়া গ্রামে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেপ্তারকৃত আসামীরা হলেন, জহুরুল হকের ছেলে মোঃ আশাদুল হক (৪০), আমির আলির ছেলে মোঃ মিল্টন আলী (৩২), মোঃ তুহিন মন্ডল (২৫)। তাদের সকলের বাড়ি পুরাতন বাজার পাঁচলিয়া ।

থানা সূত্রে জানা যায়, আলমডাঙ্গা থানার এসআই (নিঃ) সঞ্জিত সাহার নেতৃত্বে জামজামি পুলিশ ক্যাম্পের একটি দল গোপন সংবাদের ভিত্তিতে সোমবার রাত সাড়ে ৯টার দিকে উপজেলার বাজার পাঁচলিয়া গ্রামে অভিযান চালিয়ে নায়েব আলীর বসতবাড়ির সামনে পাকা রাস্তার ওপর থেকে তিনজনকে আটক করা হয়। এসময় তাদের কাছ থেকে ৩০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়। উদ্ধারকৃত মাদকদ্রব্য জব্দ তালিকাভুক্ত করা হয়েছে।

এ ঘটনায় আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮-এর ৩৬(১) ধারার সারনির ২৯(ক) ধারায় একটি মামলা (মামলা নং-০৪, তারিখ ৫ জানুয়ারি ২০২৬) দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বানী ইসরাইল জানায়, মাদক নির্মূলে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।